

বিষয়ঃ- জাতীয় শুদ্ধাচার কৌশল সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি

ঃ বেগম ইয়াসমিন আফসানা

নির্বাহী পরিচালক (অর্থ)।

সভার তারিখ ও সময়

ঃ ২৭.০৮.২০১৭খ্রিঃ সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকা।

সভার স্থান

ঃ কনফারেন্স রুম, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

সভার উপস্থিত সদস্যবৃন্দ

ঃ পরিশিষ্ট “ক”।


সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব, মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোঃ নওয়াব আসলাম হাবীব সভাকে অবহিত করেন যে, কর্মকর্তা-কর্মচারীদের নীতি-নৈতিকতার মান উন্নয়নের জন্য সচেতনতা বৃদ্ধিমূলক সভা প্রতি মাসে অনুষ্ঠিত হচ্ছে। তিনি জানান, কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদানের বিষয়টি চলমান রয়েছে। সভায় সকল সদস্য কমিটির পাশাপাশি বিভাগীয় প্রধান কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে সভা করে ধর্মীয় অনুশাসনের মাধ্যমে সকলের মধ্যে মানবিক মূল্যবোধ জাগ্রত করার বিষয়ে একমত পোষণ করে।

০২। সভাপতি বলেন নির্ধারিত সময়ে নথি নিষ্পত্তি করতে হবে। যাতে করে বিএসসিতে সেবা নিতে আসা সাধারণ জনগণ, কর্মকর্তা, কর্মচারীদের হয়রানি না হয়। তাছাড়া নির্ধারিত সময়ে নথি নিষ্পত্তি না করা একটি দুর্নীতিমূলক অপরাধ। তিনি বলেন, নৈতিকতা বৃদ্ধি ও ন্যায় বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে যে কোন কর্মকর্তা/কর্মচারীদের সৎ সাহসে কথা বলার জন্য উদ্বুদ্ধ করতে হবে।

০৩। সভার সদস্য ও জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিএসসি'র সচিব জনাব মোহাম্মদ আবদুল আউয়াল বলেন, আইন ও বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করতে হবে। কারো চাপে নতি স্বীকার না করে বিএসসি'র কর্মসম্পাদন প্রক্রিয়াতে অধিক স্বচ্ছতা ও দ্রুততার সমন্বয় ঘটিয়ে আইন ও বিধি যথাযথ প্রতিপালন করায় অধিক যত্নশীল হলে দুর্নীতি করার সুযোগ সৃষ্টি হবে না। কমিটির অন্যান্য সদস্যও এ বিষয়ে একমত পোষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

- ০১) বিভাগীয় প্রধান কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে প্রতিমাসে বিভাগ ভিত্তিক সভা নিশ্চিত করা ;
- ০২) নির্ধারিত সময়ে নথি নিষ্পত্তি করা ;
- ০৩) নৈতিকতা বৃদ্ধি ও ন্যায় বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে কর্মকর্তা/ কর্মচারীদের সৎ সাহসে কথা বলার জন্য উদ্বুদ্ধকরণ ;
- ০৪) আইন ও বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করা। কোন প্রভাবে নতি স্বীকার না করা। বিএসসি'র কর্মসম্পাদন প্রক্রিয়াতে অধিকতর স্বচ্ছতা আনয়নের ব্যাপারে সচেষ্টিত হওয়া ;
- ০৫) মাসিক সভায় ও সচেতনতা বৃদ্ধিমূলক সভায় নিয়মিতভাবে আলোচনা করে নৈতিকতা বৃদ্ধিকল্পে ধর্মীয় অনুশাসন মেনে চলার পরামর্শ প্রদান।

০৪। আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৭.০৮.১৭
(ইয়াসমিন আফসানা)
নির্বাহী পরিচালক (অর্থ)

ও

সভাপতি

শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি

বিতরণঃ- কমিটির সকল সদস্য।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

- ০১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ ঃ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)।
- ০২। নির্বাহী পরিচালক (অর্থ)/(প্রযুক্তি)/(বাণিজ্য), বিএসসি, চট্টগ্রাম।
- ০৩। সকল বিভাগীয় প্রধান, বিএসসি, চট্টগ্রাম/ঢাকা/খুলনা।
- ০৪। সহকারী মহাব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।